# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস

### ৭৭তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১২ মার্চ ২০১৪ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১২ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে লেঃ কর্ণেল এএইচএম রুহুল ইসলাম (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০১ ঃ* গত ১২ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের একজিকিউটিভ কমিটির ৭৬তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) তা সমর্থন করেন। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত-০২ ঃ* প্রতি বছরের ন্যায় এবারও বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক আগামী ৩০ চৈত্র ১৪২০, ১৩ এপ্রিল ২০১৪ রবিবার চৈত্র সংক্রান্তি এবং ১লা বৈশাখ ১৪২১, ১৪ এপ্রিল ২০১৪ সোমবার বর্ষ বরণ উপলক্ষ্যে বারিধারা ডিওএইচএস পার্কে মেলার ২ দিন ব্যাপী মেলার আয়োজন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে মেলার প্রতিটি স্টলের সার্ভিস চার্জসহ ভাড়া বাবদ মোট ৪,০০০.০০ (চার হাজার টাকা মাত্র) টাকা নির্ধারণ করা হয়। মেলাকে উপভোগ্য ও আকর্ষনীয় করার জন্য ভাইস প্রেসিডেন্ট ও এতদ্বসংক্রান্ত কমিটির কনভেনার একটি সমন্বয় সভার মাধ্যমে প্রয়োজনীয় কার্যকরী কর্মসূচী গ্রহণ ও তা বাস্তবায়ন করবেন। | কনভেনার, গেমস, স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সম্মানিত ইসি সদস্যবৃন্দ,পরিষদ অফিসে কর্মরত অফিস স্টাফ, সিকিউরিটি গার্ড ও মসজিদ স্টাফদের জন্য প্রতি বছর ১লা বৈশাখের পর যে কোন তারিখে কনভেনশন সেন্টারে এক প্রীতিভোজ এর আয়োজন করার বিষয়ে সভায় প্রস্তাব উত্থাপিত হলে তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রীতিভোজের ব্যয় পরিষদের নিরাপত্তা ও প্রশাসনিক খাত হতে সংকুলান করা হবে। নির্বাহী পর্ষদ কর্তৃক একটি খাদ্য তালিকাও নির্ধারণ করা হয়। | সেক্রেটারী /ট্রেজারার |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকায় ৩৬৬/৮ প্লট মালিক লে: কর্ণেল নাসির উদ্দিন আহম্মেদ (অব:) এর মসজিদ প্রাঙ্গনে রাখা নির্মাণ সামগ্রী অপসারণ করতে পরিষদ কর্তৃক পত্রালাপ করায় তিনি উহা অপসারণ না করে ক্ষুব্ধ হয়ে অত্র পরিষদ নির্বাহী কমিটির সভাপতি ও সেক্রেটারীর বিরুদ্ধে সেনা প্রধান বরাবরে অভিযোগ দায়ের করেন। সেনাসদর হতে অত্র পরিষদের মতামত চাওয়া হলে তা প্রেরণ করা হয়। সেনাসদর অত্র পরিষদের সাথে আলোচনা সাপেক্ষে অপ্রয়োজনীয় নির্মাণ সামগ্রী অপসারণের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন। এ্যাম্বুলেন্স সেডটি অপসারণের সময় সিনিয়র ভাইস প্রেসিডেন্ট লেঃ কর্ণেল আব্দুন নূর খান (অবঃ) উক্ত এলাকায় স্তুপকৃত বালি স্থানান্তরের ব্যাপারে সহায়তা প্রদান করবেন। | সিনিঃ ভিপি/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের বিভিন্ন আনুষ্ঠানিকতা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার নিমিত্তে ২০১৪ সালের একটি বর্ষ পুঞ্জিকা (Calendar of the Events 2014) প্রস্তুত করার বিষয়টি উত্থাপিত হলে প্রয়োজন অনুসারে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | অফিস সুপার |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকায় চলমান কোটিওয়ালা রিক্সা ১৪০টি থেকে ১৫০টি করার ব্যাপারে প্রস্তাব উত্থাপিত হলে বিষয়টির উপর সভার সকল সদস্যদের মধ্যে আলোচনা/পর্যালোচনা হয় এবং সার্বিক দিক বিবেচনা করে প্রেসিডেন্টের বিশেষ বিবেচনায় ১০টি কোটি অতিরিক্ত বরাদ্ধ দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |

| | |
|---|---|
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৭ ঃ*</u> বারিধারা ডিওএইচএস এর বার্ষিক সাধারণ সভা (AGM) আগামী ১০ মে ২০১৪ তারিখ রোজ শনিবার বিকাল ৩.৩০ ঘটিকার সময় কনভেনশন সেন্টারের লেভেল-২তে আয়োজন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। বার্ষিক সাধারণ সভা পরিচালনার সকল প্রস্তুতি গ্রহন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সভাপ সেক্রে ট্রেজা অফিস হিসাব |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৮ ঃ*</u> লেঃ কর্ণেল হাবিবুর রহমান (অবঃ) এর পরামর্শ অনুসারে সাদা রং এর ০৭টি রাজহাস বারিধারা ডিওএইচএস পুকুরে বিচরণ করানোর বিষয়টি নিয়ে ইসি সভায় আলোচনা হয়। পুকুরটি লিজ দেয়া আছে বিধায় লিজ গ্রহীতার সাথে আলোচনা সাপেক্ষে উল্লেখিত রাজহাস বিচরণ করানো যেতে পারে বলে কোন কোন সদস্য মতামত ব্যক্ত করেন। রাজহাসগুলো পালনে নানা ধরণের প্রতিকুল পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকায় উহা অনুমোদিত হয়নি। | সভাপ সেক্রে |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৯ ঃ*</u> পবিত্র রমজান মাসে সুলভ মূল্যে ইফতার সরবরাহ করার ব্যাপারে বিজয় ক্যাটারিং সার্ভিসের আবেদন পত্রটি সভায় উত্থাপিত হলে উহার উপর আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রেখে বিশুদ্ধ/স্বাস্থ্যসম্মত ইফতার সরবরাহ করা যেতে পারে। স্থানটি ব্যবহারের জন্য ব্যবহারকারীকে পরিষদে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা মাত্র) টাকা প্রদান করতে হবে। | সভাপ সেক্রে |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১০ ঃ*</u> BSI তে অধ্যয়নরতঃ ছাত্র-ছাত্রী এবং অভিভাবকগণ সময়ে-অসময়ে অবাধে স্কুলের ১নং লেইন দিয়ে পার্ক এরিয়ায় প্রবেশ করে অবস্থান করে থাকেন, যা অত্র পরিষদ কর্তৃক নিষিদ্ধ করা হয়েছে। ডিওএইচএস পরিষদ এলাকার নিরাপত্তার স্বার্থে এবং বহিরাগতদের পার্ক এলাকায় অবস্থান না করার ব্যাপারে প্রিন্সিপাল BSI বরাবরে একটি চিঠি লিখার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। অভিভাবকগন স্কুল কর্তৃক নির্মিত Waiting Room এ অবস্থান করবেন। | মেম্বার এন্ড এ |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১১ ঃ*</u> বারিধারা ডিওএইচএস এলাকার ১০ ও ১১ নম্বর রোডের পশ্চিম মাথায় ছোট একটি শিশু পার্ক বানানোর ব্যাপারে মেজর আহমেদ হোসেন (অবঃ) একটি আবেদন করেন। উক্ত আবেদনটি সভায় উত্থাপিত হলে উহা অনুমোদিত হয়নি। ৮নং রোডের পূর্ব-দক্ষিণ কোনায় ১ লক্ষ টাকার অধিক অর্থ ব্যয়ে ১টি শিশু পার্ক নির্মিত হলেও তা অব্যবহৃত রয়েছে। | সভাপ সেক্রে |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১২ ঃ*</u> আগামী ১২ জুন ২০১৪ তারিখে ফিলিপাইনের জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে বারিধারা ডিওএইচএস এলাকার বাড়ী নং ১৬৬ তে ডান্স,মিউজিক,আর্ট চর্চা এবং পার্কিং করার অনুমতি প্রার্থনা করেন। বিষয়টি ইসি মিটিংয়ে আলোচনা হয় এবং যাতে প্রতিবেশীগণের অসুবিধা না হয় সেদিক বিবেচনায় রেখে অনুমতি দেয়া যেতে পারে মর্মে সিদ্ধান্ত হয়। | সভাপ মেম্বার এন্ড এ |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৩ ঃ*</u> বারিধারা ডিওএইচএস পুকুর পাড়ে সদ্য নির্মিত ফোয়ারার উত্তর পার্শ্বের ওয়াসার পাম্প স্টোরটি যাতে দৃষ্টিগোচর না হয় এজন্য উক্ত দেয়ালটি পশ্চিম দিকে বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপ |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৪ ঃ*</u> বারিধারা ডিওএইচএস এর ফিটনেস সেন্টারের দ্বিতীয় তলায় একটি ড্রিংক্স/স্ন্যাকস্ কর্ণার ইজারা নেয়ার ব্যাপারে কিছু প্রস্তাব পাওয়া গেছে। আরও আগ্রহী ব্যক্তিবর্গের নিকট থেকে প্রস্তাব পাওয়া গেলে উম্মুক্ত নিলামের মাধ্যমে একটি চুক্তি করা হবে। | কনভেন কনভেন সেন্টার কমিটি |
| <u>*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৫ ঃ*</u> বারিধারা ডিওএইচএস পার্ক এরিয়ায় ফুটবল গ্রাউন্ডের প্যারা জাম্প ব্যবহৃত না হওয়ায় Para jump টি অপসারণ করে ফেলার সিদ্ধান্ত সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। | কনভেন গেমস, এন্ড কম সাব-কমি ফিল্ড সি অফিসার |

| | |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৬ ঃ* বারিধারা গেইটটির পূর্ব পার্শ্বে ৪৮ ফুট দীর্ঘ একটি দেয়াল পরিষদ কর্তৃক নির্মাণ করা হচ্ছে যাতে নির্বাহী পর্ষদের অনুমোদন রয়েছে। সভাপতির অনুরোধের পরিপ্রেক্ষিতে বার্জার পেইন্ট বাংলাদেশ লিঃ উক্ত দেয়ালটির ব্যয় বহন করতে রাজি হয়েছে এবং এ ব্যাপারে ১টি চিঠি বার্জার পেইন্ট বাংলাদেশ লিঃ বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত টাকা পরিষদ কর্তৃক খরচ না হওয়ায় ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা ব্যয়ে ঠিক পূর্ব-উত্তর কর্ণারের নীচু জায়গায় আর একটি দেয়াল নির্মাণ করার সিদ্ধান্ত নির্বাহী পর্ষদ কর্তৃক গৃহীত হয়। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৭ ঃ* বর্তমান নির্বাহী পর্ষদ কর্তৃক বারিধারা ডিওএইচএস এলাকায় ongoing project বাস্তবায়ন ব্যতীত বড়ধরণের কোন প্রকল্প বাস্তবায়ণের জন্য বিবেচনা করা হবে না। | একজিকিউটিভ কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৮ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |

৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ ঃ ১৮ মার্চ ২০১৪

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ ঃ ১৮ মার্চ ২০১৪

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য